

16

## ৩ ছাত্র সংগঠনের ব্যাপক ভাঙচুর ইসলামী বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা

কুষ্টিয়া প্রতিনিধি : বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ তুলে তিনটি ছাত্র সংগঠনের কর্মীরা গতকাল মঙ্গলবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে ব্যাপক ভাঙচুর করে। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ে আবার উত্তেজনা সৃষ্টি হয়েছে। ক্যাম্পাসের আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব সম্পূর্ণভাবে কুষ্টিয়া ও বিনাইদহ পুলিশের ওপর ছেড়ে দেওয়া হয়েছে।

জানা যায়, সকাল সাড়ে ১০টার দিকে জাসদপন্থী ছাত্রলীগের একটি বিক্ষোভ মিছিল প্রশাসনিক ভবনের ভেতরে প্রদক্ষিণ করে। তারা বিজ্ঞান অনুষদের ভীনের কক্ষে ব্যাপক ভাঙচুর করে। ১১টার দিকে ছাত্রশিবিরের একটি বিক্ষোভ মিছিল

প্রশাসনিক ভবনের পিছন দরজা দিয়ে চুকে উপরেজিষ্ট্রারের কক্ষের কলাপসিবল গेट ভেঙে ব্যাপক ভাঙচুর চালায়। এর পরে তারা উপাচার্যের কক্ষে প্রবেশ করতে গেলে পুলিশের বাধার মুখে ব্যর্থ হয়। তারা ভবনের দোতলায় এক প্রতিবাদ সভা করে। এদিকে, একই সময় জাতীয়তাবাদী ছাত্রদল সমাজবিজ্ঞান অনুষদে বিক্ষোভ মিছিল বের করে। ইবি বঙ্গবন্ধু পরিষদের সা. সম্পদক ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক হারুন রশিদ আসকারীর কক্ষ ভাঙচুর করে। গতকাল ছাত্রলীগের উদ্যোগে মিছিল বের করা হলেও তাদের পূর্ব নির্ধারিত 'বন্ধ' কর্মসূচি পালনে তৎপর হয়নি। উল্লেখ্য, ১১ দফা দাবিতে ছাত্রলীগ কর্মসূচি পালন করছে। গত সোমবার তারা প্রশাসনিক ভবনের কলাপসিবল গेट ভাঙচুর করে। বিশ্ববিদ্যালয়ে সকল প্রকার রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর নিষেধাজ্ঞা থাকলেও কেউই তা মানছে না। এদিকে, আগামী ১৮ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন সফল করার লক্ষ্যে গত সোমবার উপাচার্য প্রফেসর কায়ুমউদ্দিন সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময়ে সকলের প্রতি সহযোগিতার আহ্বান জানিয়েছেন।